

[🏠](#) > [সমগ্র বাংলাদেশ](#)

আলুটিলায় সড়কে পাহাড় ধস: ৫ ঘণ্টা পর যান চলাচল স্বাভাবিক

ভোরে সাপমারা এলাকায় পাহাড়ের মাটি সড়কে ধসে যাওয়ায় পর ফায়ার সার্ভিসের কর্মীরা মাটি সরানোর কাজ শুরু করে।



খাগড়াছড়ি প্রতিনিধি বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 02 Jul 2024, 08:08 PM



আলুটিলায় পাহাড় ধসে খাগড়াছড়ির সঙ্গে ঢাকা ও চট্টগ্রামের সড়ক যোগাযোগ বন্ধ থাকার প্রায় ৫ ঘণ্টা যান চলাচল স্বাভাবিক হয়েছে।

মঙ্গলবার ভোর ৫টার দিকে আলুটিলায় সাপমারা এলাকায় পাহাড় ধসের ঘটনা ঘটে বলে খাগড়াছড়ি

×

আটকা পর যাত্রীরা জানান, ভোরে সাপমারা এলাকায় পাহাড়ের মাটি ধসে যাওয়ায় পর ফায়ার সার্ভিস মাটি সরানোর কাজ শুরু করে।

জাকির হোসেন বলেন, “পাহাড়ের বড় একটি অংশ ধসে সড়কের যান চলাচল বন্ধ হয়ে যায়। এতে খাগড়াছড়ি থেকে সারাদেশের সড়ক যোগাযোগ বিঘ্নিত হয়। আমাদের খাগড়াছড়ি ও মাটিরাঙা ইউনিটের সদস্যরা এসে মাটি সরানোর কাজ শুরু করে। সকাল ১০ থেকে যান চলাচল স্বাভাবিক হয়।”

খাগড়াছড়ি সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মাকসুদুর রহমান বলেন, “ভোরে সড়কে মাটি ধসে জেলার সঙ্গে সারাদেশের যান চলাচল বিঘ্নিত হয়। ১০টার পর সড়কটি যান চলাচলের উপযোগী হয়।”



খাগড়াছড়ির কয়েকটি সড়কে আংশিক পাহাড় ধস হয়েছে জানিয়ে মাকসুদুর রহমান বলেন, “যানবাহন চলাচল এখন স্বাভাবিক রয়েছে। তবে পানিতে সড়ক তলিয়ে যাওয়া রাঙামাটির লংগদুর সঙ্গে